

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব দুলাল চৌধুরী, পিতা- মৃত নিরঞ্জন চৌধুরী, মাতা-আনিমা চৌধুরী, ব্যবসায়িক ঠিকানা-বেঙ্গল এন্টারপ্রাইজ, ২৩ নং নিউ চাক্রাই, বাকলিয়া, জেলা-চট্টগ্রাম, বর্তমান ঠিকানা- নিগুম কুঞ্জ, ১৮ নং বাউল রোড, ডাকঘর- সদর-৪০০০, থানা - কোতোয়ালী, জেলা-চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা - রজনী চৌধুরীর বাড়ী, গ্রাম - রোসাংগিরী, ডাকঘর - রোসাংগিরী-৪৩৩৩, থানা-ফটিকছড়ি, জেলা-চট্টগ্রাম কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ে ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০১.০৪.২০১৮ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,১২,৮২,৩৩৬.৯২ (এক কোটি বার লক্ষ বিরাশি হাজার তিনশত ছয়ত্রিশ টাকা বিরানব্বই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

১	জেলা- চট্টগ্রাম, থানা- সাবেক ডবলমুরিং বর্তমানে পতেঙ্গা, মৌজা- উত্তর পতেঙ্গা, জে এল নং-২৪, সি এস খতিয়ান নং- ১৮৮০/৩, ১৮৬৬/৩, সি এস পল্টন নং-১৬৮৪, ১৬৮৫, ১৮৬৪, ১৮৬৬, ১৮৬৮, ১৮৭১, ৮৫৬৫, ৮৫৬৮, ৮৫৭০, ৮৫৭৭, আর এস খতিয়ান নং-২৫০৬, ২৫০৩, ২৪০৮, আর এস পল্টন নং-৫১২, ৫১৪, ৫১৭, ৪৯৬, ৪৯২, ৪৮০, ৪৭৫, ৪৭৬, ৪৭২, ৪৬৫, ৪৬৬, ৪৬৭, ৫৩২, পি এস খতিয়ান নং- ৪১৭, ৪১৬, ৩১১, পি এস পল্টন নং- ২৮৭৬, ২৮৭৪, ২৮৭৫, ২৮৭৯, ২৮৮৪, ২৮৯০, ২৮৯৫, ১৫১২, ১৫১৩, ১৫১৪, ২৮৯৭, ২৪৯১, বি.এস খতিয়ান নং- ১৮১৭, ১৮০২, ১৪৯৭, বি.এস প্লট নং- ১৩৮৭, ১৩৮৮, ১৩৯৯, ১৪০১, ১৪২১, ১৪২৬, ১৪২৭, ১৮০২, ১৪৯৭, আর এস খতিয়ান নং-২৫০৩ আর এস প্লট নং- ৫১৪, ৪৯২, ৪৯৬ পি এস খতিয়ান নং-৪১৭, পি এস পল্টন নং- ২৮৭৬, ২৮৭৯, ২৮৮৪, ২৮৯৭ বি.এস খতিয়ান নং-১৮১৭ বি.এস প্লট নং-১৩৮৭, ১৩৯৯, ১৪০১, বি.এস মিউটেশন খতিয়ান নং-৪৩৫২, বি.এস প্লট নং-১৪০১ মোট জায়গার পরিমাণ -৪০.০০ শতাংশ।
---	--

নিলামের শর্তাবলী

- (১) আগামী ৩০.০৪.২০১৮ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কৃত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম